ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৪৩
আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৮ অক্টোবর ২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় ‘পাহাড়ি মাফিয়ার হুমকিতে বন্ধ ৯টি স্বাস্থ্য কেন্দ্র’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে খোয়াই জেলার পুলিশ সুপারের রিপোর্টের ভিত্তিতে এস পি (পুলিশ কন্ট্রোল) এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, ঘটনাস্থল পরিদর্শন, স্থানীয় গ্রামবাসী, স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রের প্রতিনিধি, ঠিকাদার ও প্রকাশিত নির্মাণস্থলে কর্মরত শ্রমিকদের সঙ্গে কথা বলার পর জানা গেছে, স্থানীয় কোনো মাফিয়া বা অন্য কারও দ্বারা হুমকির বিষয়ে কোনো তথ্য বা প্রমাণ পাওয়া যায়নি। এছাড়াও এ ধরনের ঘটনার কোনো অভিযোগ বা তথ্য এখন পর্যন্ত খোয়াই থানায় পাওয়া যায়নি। সমস্ত নির্মাণকাজ বর্তমানে চলমান রয়েছে। অতএব প্রকাশিত সংবাদটি সত্য নয়।

*****